

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd


স্মারক নং-স্বাপকম/প্রশাসন-১/সমন্বয় সভা-০৩/২০০৮/১৩৬

তারিখঃ ২৭/০১/২০১৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

লক্ষ্য করা যাচ্ছে যে, সচিবালয় নির্দেশমালা-২০০৮ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। সুষ্ঠু অফিস ব্যবস্থাপনার স্বার্থে সচিবালয় নির্দেশমালা-২০০৮ যথাযথভাবে অনুসরণ বাঞ্ছনীয়। সচিবালয় নির্দেশমালা-২০০৮ অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলঃ

- (১) সচিবালয় নির্দেশমালা-২০০৮ এ নথি উপস্থাপন, সংরক্ষণ, শ্রেণীবিন্যাসকরণ, ব্যবস্থাপনা বিষয়ে যেসব নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে পালন করতে হবে।
 - (২) নথিস্থ 'নোট' অথবা 'পত্র' ১০০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে এবং একে ১ম খন্ড বলে চিহ্নিত করতে হবে। প্রয়োজন অনুযায়ী ঐ বিষয়ের উপর বাড়তি অন্যান্য কাগজপত্র ঐ নথির নতুন খণ্ডে অন্তর্ভুক্ত হয়ে ২য় খন্ড হিসেবে চিহ্নিত হবে।
 - (৩) মাস্টার ফাইল, গার্ড ফাইল, হাজিরা খাতা, নৈমিত্তিক ছুটি রেজিস্ট্রার, পরিদর্শন রেজিস্ট্রার, নথি নিবন্ধন রেজিস্ট্রার, ফাইল মুভমেন্ট রেজিস্ট্রার, পত্র গ্রহণ ও জারি রেজিস্ট্রার, স্টক রেজিস্ট্রার যথাযথভাবে ব্যবহার ও সংরক্ষণ করতে হবে।
 - (৪) পত্র উপস্থাপনে বিলম্ব পরিহার করতে হবে। সচিবালয় নির্দেশমালামতে নির্ধারিত সময়ে পত্র উপস্থাপন করতে হবে।
- ২। শাখা কর্মকর্তা উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন।


(রেজওয়ানুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৭০৯৬


sasadmin1@mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/প্রশাসন-১/সমন্বয় সভা-০৩/২০০৮/১৩৬/১(১৮০)

তারিখঃ ২৭/০১/২০১৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(রেজওয়ানুর রহমান)
সিনিয়র সহকারী সচিব